**DELHI PUBLIC SCHOOL, DURGAPUR**

**QUESTION BANK & REVISION SHEET FOR PERIODIC ASSESSMENT-II (2018-19)**

**BENGALI (2ND LANG.) CLASS-VIII**

# LITERATURE

## তোতা কাহিনী

**অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর -**

১। পাখিটি কিভাবে রাজার লোকসান ঘটিয়েছিল ?
২। তোতা কাহিনী গল্পে পাখিটির শিক্ষার দায়িত্ব কার উপর দেওয়া হয়েছিল ?
৩। তোতা কাহিনী গল্পে পাখিটির অবিদ্যার কারণ কি ছিল ?
৪। পাখিটার খবর কেউ রাখে না। একথা কারা বলল ?
৫। পাখিটির কি কপাল। কোন বিষয়টি পাখির কপাল বলে উল্লেখ করা হয়েছে ?
৬। লিপিকরের দল কি পেয়েছিল ?
৭। উন্নতি হইতেছে। কি দেখে সকলে একথা বলেছিল ?
৮। নিন্দুকেরা কেন মন্দ কথা বলে ?
৯। এ কী বেয়াদবি। একথা কে বলেছিল ?
১০। কি দমাদ্দম পেটানি। কে কি পিটিয়ে কি তৈরি করেছিল ?
১১। কাকে রাজা শিরোপা দিয়েছিলেন ?

**প্রশ্নোত্তর -**

১। **"মহারাজ পাখিটার শিক্ষা পুরো হইয়াছে।"**
কার উক্তি ? কোন পাখির কথা বলা হয়েছে ? কিভাবে পাখির শিক্ষা পুরা হয়েছে ?

২। **"নিন্দুকগুলো খাইতে পায় না বলিয়াই মন্দ কথা বলে।"**
বক্তা কে ? নিন্দুক বলতে কাদের বোঝানো হয়েছে ? নিন্দুকেরা কি কথা বলে ?

৩। **"এ কী বেয়াদবি।"**
কে কার সম্বন্ধে একথা বলেছে ? কেন বেয়াদপি বলেছে ? বেয়াদপির শাস্তি কি হয়েছিল ?

৪। **"পাখিটাকে শিক্ষা দাও।"**
কার উক্তি ? এখানে কোন পাখির কথা বলা হয়েছে ? পাখিটাকে কি ধরনের শিক্ষা দেওয়ার কথা বলা হয়েছে ? শেষ পর্যন্ত সে কোন ধরনের শিক্ষা লাভ করেছে ?

৫। **"খাঁচাটার উন্নতি হইতেছে কিন্তু পাখিটার খবর কেউ রাখে না।"**
কার উক্তি ? এধরনের উক্তির কারণ কি ? উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য উল্লেখ কর।

৬। **"শিক্ষার একেবারে হদ্দমুদ্দ।"**
কার উক্তি ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য উল্লেখ কর।

৭। **"গলায় সোনার হার চড়িল।"**
কার কথা বলা হয়েছে ? কেন তার গলায় সোনার হার চড়িল ?

৮। **"কথাটা রাজার কানে গেল।"**
কথাটা কী ছিল ? রাজা কথা শুনে কাকে ডাকলেন ? তিনি কী বললেন এবং রাজার কাছ থেকে কী পেলেন ?

৯। **"নিন্দুকের যেন আচ্ছা করিয়া কান মলিয়া দেওয়া হয়।"**
এ কথা কে, কোন প্রসঙ্গে বলেছিলেন ?

১০। **"পাখিটাকে তোমরা কেমন শেখাও তার কায়দাটা দেখা চাই।"**
উক্তিটি কার ? কোন প্রসঙ্গে একথা বলেছেন ? কায়দাটা কেমন ?

১১। **"তাকে শিরোপা দিলেন।"**
কে কাকে শিরোপা দিলেন ? কেন শিরোপা দিলেন ?

১২। **"লোকসান ঘটায়।"**
কার কথা বলা হয়েছে ? সে কিভাবে লোকসান ঘটায় ? এই লোকসান ঘটানোর ফল কি হয়েছিল ?

১৩। **"তাদের সংসারে আর টানাটানি রহিল না।"**
কাদের সংসারে টানাটানি রইল না ? কেন তাদের সংসারে টানাটানি রইল না ?

১৪। **"সংসারে অন্য অভাব অনেক আছে, কেবল নিন্দুক আছে যথেষ্ট।"**
কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য উল্লেখ কর।

১৫। **"রাজা বুঝিলেন আয়োজনের ত্রুটি নাই।"**
কিসের আয়োজনের কথা বলা হয়েছে ? কিভাবে রাজা বুঝলেন আয়োজনের ত্রুটি নেই ? .তখন তিনি কি করলেন ?

## দেবসভায় বেহুলা

### অতি সংক্ষিপ্ত প্রশ্নাবলী -

১। দেবতাদের মধ্যে কে অধীর হয়ে পড়েছিলেন ?
২। স্বর্গে বেহুলাকে কে নিয়ে গিয়েছিল ?
৩। দেবসভার অপ্সরাগণের নাম উল্লেখ কর।
৪। কে বেহুলার স্বামীর প্রাণ দান করবেন ?
৫। বিষহরি মাতাকে কারা খুঁজতে লাগলেন ?
৬। দেবসভায় বেহুলাকে কে নিয়ে এসেছিলেন ?
৭। শিব মনসার কাছে কি অঙ্গীকার করেছিলেন ?
৮। দেবতারা বেহুলাকে নাচবার আদেশ কেন দিয়েছিল ?
৯। মহাদেব বিষহরিকে কি বলে আশ্বস্ত করেছিলেন ?
১০। বেহুলার নৃত্য সম্পর্কে দেবতারা কি কথা বলেছিলেন ?
১১। চন্দ্রধরের জ্যেষ্ঠ পুত্রের নাম কি ? তার কিভাবে মৃত্যু হয়েছিল ?
১২। বেহুলা কি দেখে বিস্মিত হয়েছিলেন ?
১৩। দেবতারা বেহুলাকে কি করতে বলেছিল ?
১৪। দেবসভায় কাকে আহ্বান করা হয়েছিল ?
১৫। বেহুলার স্বামী কে ?
১৬। বেহুলার মুখ কখন শুকিয়ে গিয়েছিল ?
১৭। সেখানে ইন্দ্র কিভাবে বসেছিলেন ?
১৮। তার মৃত স্বামীকে কে প্রাণদান করবেন ?
১৯। চাঁদের স্ত্রীর নাম কি ?
২০। চন্দ্রধরের পুত্রদের নাম কি ?

### প্রশ্নোত্তর -

১। **"তাহাই পরীক্ষা করিবার জন্য আমরা এই আদেশ দিয়েছিলাম।"**
কে কাকে একথা বলেছে ? তারা কি আদেশ দিয়েছিলেন এবং কেন ? এর ফল কি হয়েছিল ?

২। **"চাঁদ তাহাতেও সম্মত হয় নাই।"**
চাঁদ কে ? সে কার কোন কথায় সম্মত হয়নি ? কেন সম্মত হয়নি ?

৩। **"দেবাদিদেব শিব অধীর হয়ে পড়লেন।"**
কখন দেবাদিদেব শিব অধীর হয়ে পড়েছিলেন ? তখন তিনি কি করেন ?

৪। **"এই কথায় বেহুলার অন্তরাত্মা কাঁপিয়া উঠিল।"**
বেহুলা কে ? কার কোন কথায় কখন তার অন্তরাত্মা কেঁপে উঠেছিল ? তিনি কিসে নিশ্চিন্ত হয়েছিলেন ?

৫। **"তখন মনসা দেবী সেই দেবসভায় একে একে তাঁহার পরিতাপের কথা বলিতে লাগিলেন।"**
মনসা দেবী কে ? 'সেই দেবসভা' বলতে কী বোঝানো হয়েছে ? তাঁর পরিতাপের কথাগুলোর বর্ণনা দাও।

৬। **"তিনি তো বেহুলার স্বামীকে প্রাণ দান করিবেন।"**
তিনি কে ? বেহুলার স্বামী কে ? তিনি কেন বেহুলার স্বামীকে প্রাণ দান করবেন ?

৭। **"আমি তোমার তপস্যায় প্রীত হইয়াছি, তোমার আর কিছু অভীষ্ট থাকে তো প্রার্থনা করো।"**
কে কাকে একথা বলেছেন ? কখন বলেছেন ? 'আর কিছু' কথাটির তাৎপর্য কী ? তিনি আর কী কী প্রার্থনা পূরণ করেছিলেন ? প্রার্থনা পূরণের জন্য বক্তা কোন শর্ত আরোপ করেছিলেন ?

৮। **"বেহুলা বিস্মিত হইলেন।"**
বেহুলা কে ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? তিনি কি দেখে বিস্মিত হন ?

৯। **"এ কী নিষ্ঠুর আদেশ-এ কী বিসদৃশ আজ্ঞা।"**
উদ্ধৃত অংশটি কোন গল্পের অংশ ? কোন আদেশকে নিষ্ঠুর ও বিসদৃশ বলা হয়েছে ? কারা কেন এই আদেশ করেছিল ?

১০। **"তখন বেহুলার মুখ শুকাইয়া গেল।"**
বেহুলা কে ? কার সাহায্যে বেহুলা স্বর্গে পৌঁছায় ? কখন কেন তার মুখ শুকিয়ে গিয়েছিল ?

১১। **"তখন প্রফুল্ল চিত্তে বিষহরি লক্ষ্মীন্দরের পুনর্জীবন দান করলেন।"**
বিষহরি মাতা কে ? তিনি কখন লক্ষ্মীন্দরের জীবন দান করলেন ? লক্ষ্মীন্দরের জীবন দান ছাড়াও আর কি কি তিনি বেহুলাকে দান করেছিলেন ?

১২। **“মহাদেব তাহাকে আশ্বস্ত করিয়া লক্ষ্মীন্দরকে পুনর্জীবিত করিতে আদেশ দিলেন।”**
তাহাকে বলতে কার কথা বোঝানো হয়েছে ? উদ্দীষ্ট্য ব্যক্তি তার পরিতাপের কোন কথাগুলি বলেছিল ? মহাদেব তাকে কি বলে আশ্বস্ত করেন ?

১৩। **“তবে যাহা দত্ত হইল, তাহা সকলই হারাইবে।”**
কে কাকে একথা বলেছে ? কোন প্রসঙ্গে একথা বলেছে ? তাকে কি কি প্রদান করা হয়েছিল ?

## ভোরাই

সপ্রসঙ্গ ব্যাখ্যা -

১। ধানের ক্ষেতের সবজে কে আজ সোহাগ দিয়ে ছুপিয়েছে / সেই সোহাগের একটু পরাগ টোপর-পানায় টুপিয়েছে।
২। নীলের বিথার নীলার পাথার দরাজ এ যে দিল্ খোলা / আজ কি উচিত ডঙ্কা দিয়ে ঝান্ডা নিয়ে ঝড় তোলা ?
৩। বন্ধ চোখের আগল ঠেলে রঙের ঝিলিক ঝলমলে।

প্রশ্নোত্তর -

১। **“আনকো আলোয় যায় দ্যাখা ওই পদ্মকলির হাই-তোলা।”**
‘আনকো’ শব্দটি কবি কি অর্থে ব্যবহার করেছেন ? পদ্মকলির হাই তোলা বলতে কবি কি বুঝিয়েছেন ?

২। **“নীল-কাজলের কাজললতা আসমানে চোখ ডুবিয়ে যে।”**
কার প্রসঙ্গে একথা বলা হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

৩। **“পুব গগনে থির নীলিমা ভুলিয়েছে মন ভুলিয়েছে / পশ্চিমে মেঘ মেলছে জটা-সিংহ কেশর ফুলিয়েছে।”**
পঙক্তি দুটিতে কোন কোন দিনের কোন সময়ের আকাশের রূপ বর্ণিত হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

৪। **“মতিয়া মেঘের চামর পিঁজে।”**
মতিয়া মেঘ বলতে কবি কি বোঝাতে চেয়েছেন ? উদ্ধৃতিটির কাব্যিক অর্থ স্পষ্ট করে লেখ। চামর কি ?

৫। **“শীতল শিথিল শিউলি-বোঁটায় সুপ্ত শিশুর ঘুম টলে।”**
কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? আলোচ্য অংশে কবি কি বোঝাতে চেয়েছেন ?

৬। **“আলপনা দেয় আলতো বাতাস ভোরাই সুরে মন ভোলা।”**
আলতো বাতাস কোথায় কিভাবে আলপনা দেয় ? কবি এখানে যে ভোরের চিত্র এঁকেছেন তার বিবরণ দাও।

## অপুর কল্পনা

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর -

১। অনেক দূরের কথায় অপুর শিশুমনে কোন ভাবের সৃষ্টি করত ?
২। আহারাদির পর দুপুরবেলা অপুর মা কি সুর করে পড়ত ?
৩। অপুদের বাড়ির কিছুদূরে কোন গাছ ছিল ?
৪। অপুদের বাড়ির জানলার রোয়াক থেকে কি দেখা যেত ?
৫। ঘুঁটে কুড়োনোর গল্পটা কোথায় আছে ?
৬। মহাভারতের যুদ্ধ কতদিন ধরে চলেছিল ?
৭। মহাভারতের কোন চরিত্র চিরদিনের কৃপার পাত্র ?
৮। কোন যুদ্ধের কথা শুনতে শুনতে অপু তন্ময় হয়ে পড়ত ?

প্রশ্নোত্তর -

১। **“মায়ের মুখে এই অংশ শুনিতে শুনিতে দুঃখে অপুর শিশুহৃদয় পূর্ণ হইয়া উঠিত।”**
মায়ের মুখে কখন কোন গল্প শুনতে শুনতে অপুর হৃদয় দুঃখে পূর্ণ হতো ? কেন তার হৃদয় দুঃখে পূর্ণ হতো ?

২। **“ঠিক সেই সময়ে মায়ের জন্য তাহার মন কেমন করিয়া উঠিত।”**
কার মন কেমন করে উঠত ? কোন সময়ে এরূপ হত ?

৩। **“তাহার মনে হয় যুদ্ধ জিনিসটা মহাভারতে বড় কম লেখা আছে।”**
কার লেখা কোন উপন্যাস থেকে নেওয়া হয়েছে ? কার একথা মনে হয়েছে ? সেজন্য সে কী উপায় বার করেছিল ?

৪। **"দ্যাখো দ্যাখো ছেলের কান্ড দ্যাখো —"**
বক্তা কে ? কোন প্রসঙ্গে একথা বলেছে ? ছেলেটির কান্ড কি ছিল ?

৫। **"বিজয়ী কর্ণ যে মানুষের চিরকালের চোখের জলে জাগিয়া রহিল।"**
চোখের জলে জাগিয়া রহিল - কথাটির মর্মার্থ কি ? কর্ণ চরিত্রটি অপুর মনে যে অনুভূতির সঞ্চার করেছিল তা উল্লেখ কর।

৬। **"ওঃ সে কি যুদ্ধ!"**
কে এই যুদ্ধের কল্পনা করত ? কোন যুদ্ধের কথা বলা হয়েছে ? যুদ্ধটির বর্ণনা দাও।

৭। **"আশ মিটাইয়া যুদ্ধ জিনিসটা উপভোগ করিবার জন্য সে এক উপায় বাহির করিয়াছে।"**
'সে' কে ? উপায়টি কি ?

৮। **"বালকের আকাঙ্খা নিবৃত্তি করিতে তাঁহারা মাসের পর মাস সমানভাবে অস্ত্র-চালনা করিতে পারিতেন কি ?"**
কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? তাদের মাসের পর মাস সমানভাবে অস্ত্র চালনা করতে পারা সম্পর্কে প্রশ্ন উঠেছে কেন ?

## জীবন ভিক্ষা

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। "অভাগী বিহগী আজিকে আহত মরণ-শ্যেনের পক্ষে।"
২। "কি পাপে আমার প্রাণের ইন্দু পীযূষ বিন্দু-রিক্ত ?"
৩। "জীয়াতে চাহিনা তনয়ে আমার / ভবনে ভবনে ওঠে হাহাকার"
৪। "শত চুম্বনে মেলে না নয়ন / চুরি গেছে মোর আঁচলের ধন"
৫। "বরণ করেছে চিরসুন্দর মরণের মহালগ্ন।"
৬। "কুমারে আমার করো প্রাণদান।"

**প্রশ্নোত্তর -**

১। **"চুরি গেছে মোর আঁচলের ধন -"**
কে, কাকে, কখন একথা বলেছে ? বক্তার আঁচলের ধনটি কি ? চুরি গেছে বলতে কি বোঝানো হয়েছে ?

২। **"পরশে তাহার দুলিয়া উঠিবে পরান-মৃণাল ভগ্ন -"**
বক্তা কে ? তিনি কিসের স্পর্শের কথা বলেছেন ? কোথা থেকে তা সংগ্রহ করে আনতে বলা হয়েছিল ?

৩। **"নিবেদিল শেষে গুরুপদে এসে, শিখাইলে শেষ শিক্ষা।"-**
কে কার কাছে কি নিবেদন করলেন ? শেষ শিক্ষাটি কি ? এই শিক্ষা সে কিভাবে লাভ করেছিল ?

৪। **"রসনা প্রসুন কোন্ পরসাদ মধুররসে পরিষিক্ত"-**
কে কার সম্বন্ধে এ কথা বলেছে ? কখন বলেছে ? উক্তিটির অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট কর।

৫। **"বিশাল পুরীর দ্বারে দ্বারে ঘুরে কেহ নাহি দেয় ভিক্ষা।"-**
কে ভিক্ষা করতে গিয়েছিল ? সে কি ভিক্ষা করতে গিয়েছিল ? কি কারণে সে ভিক্ষা করতে গিয়েছিল ?

৬। **"অবনীর এই পদ্ম-বেদীতে হরিলে ত্রিতাপ দুঃখ।"**
অবনী কথার অর্থ কী ? ত্রিতাপ দুঃখ কী কী ? কে কীভাবে এই ত্রিতাপ দুঃখহরণ করতে পারে বলে বক্তার বিশ্বাস ?

৭। **"জীয়াতে চাহি না তনয়ে আমার।"**
এ কথা কে বলেছে ? কেন এ কথা বলেছে ? শেষ পর্যন্ত প্রভুর কাছে বক্তা কী ভিক্ষা চেয়েছে ?

## ঈশ্বরচন্দ্রের নির্ভীকতা

**প্রশ্নোত্তর -**

১। **"কিন্তু এ গোঁয়ার ব্রাহ্মণ একবার জেদ ধরলে সহজে ছাড়বে না।"**
কার লেখ কোন গল্পের অংশ ? গোঁয়ার ব্রাহ্মণটি কে ? তিনি কোন জেদ ধরেছিলেন ?

২। **"কিন্তু নবনিযুক্ত লাঠিয়ালটি যেমন প্রভুভক্ত, তেমনই শক্তিশালী।"**
লাঠিয়ালটির নাম কি ? তাকে কে কার কাছে পাঠিয়েছিল ? কেন পাঠিয়েছিল ?

৩। **"বড় নাকাল হয়েছিল।"**
কে, কিভাবে নাকাল হয়েছিল ? তিনি কার কাছে কেন ক্ষমা প্রার্থনা করেছিলেন ? তিনি কী প্রতিশ্রুতি দিয়েছিলেন ?

৪। **"কিন্তু নিজে প্রস্তুত রইলেন ডাকাতের মোকাবিলার জন্য।"**
কার লেখ কোন গল্পের অংশ ? কার কথা এখানে বলা হয়েছে ? তিনি কিভাবে ডাকাতের মোকাবিলায় প্রস্তুত ছিলেন ?

৫। **"কিন্তু যুক্তিতর্কে ঈশ্বরচন্দ্রকে পরাস্ত করার ক্ষমতা কারোর নেই।"**
ঈশ্বরচন্দ্রের কোন পুস্তকটি প্রকাশের সঙ্গে সঙ্গে ঝড় উঠেছিল ? এরপরে পরিস্থিতি কেমন হয়েছিল ? বিধবা বিবাহ প্রচলনের ব্যাপারে ঈশ্বরচন্দ্র কি করেন ? তিনি কিরূপ বিরোধিতার সম্মুখীন হন ?

৬। **"এরজন্য তার এখন প্রচুর শত্রু।"**
তার বলতে কার কথা বোঝানো হয়েছে ? কি কারণে তার প্রচুর শত্রু হয় ? কিভাবে তিনি শত্রুদের সঙ্গে মোকাবিলা করেন ?

৭। **"বাড়ি ফিরতে ফিরতে অনেক রাত হয়ে গেল।"**
কার কথা এখানে বলা হয়েছে ? কেন তার বাড়ি ফিরতে রাত হয়েছিল ? সেদিন রাতে তার কি অভিজ্ঞতা হয়েছিল ?

৮। **"আঁতকে উঠলেন একেবারে।"**
কার লেখা কোন গল্পের অংশ ? কে কাকে দেখে আঁতকে উঠেছিলেন ? তার আঁতকে ওঠার কারণ কি ছিল ?

৯। **"ঈশ্বরচন্দ্র তাকে দেখে বিস্মিত।"**
কাকে দেখে ঈশ্বরচন্দ্র বিস্মিত হন ? তাকে কে পাঠিয়েছিলেন ? কেন পাঠিয়েছিলেন ?

১০। **"ঠাকুরদাস গ্রামে বসে ঠিকই সংবাদ পেয়েছিলেন।"**
ঠাকুরদাস কে ? তিনি গ্রামে বসে কি সংবাদ পেয়েছিলেন ? এরজন্য তিনি কি করেছিলেন ?

১১। **"পুস্তকটি প্রকাশের সঙ্গে সঙ্গে ঝড় উঠেছিল।"**
কার লেখা কোন পুস্তকের কথা এখানে বলা হয়েছে ? কেন পুস্তকটি প্রকাশের সঙ্গে ঝড় উঠেছিল ? এরপর কি ঘটনা ঘটে ?

## যোগেন পন্ডিত

প্রশ্নোত্তর -

১। **"যোগেন পন্ডিত স্তব্ধ হয়ে দরখাস্ত খানা দেখছিলেন।"**
যোগেন পন্ডিত কে ? ছাত্ররা যোগেন পন্ডিতকে কি বলে ডাকতো ? এখানে কোন দরখাস্তের কথা বলা হয়েছে ? তিনি তা স্তব্ধ হয়ে দেখছিলেন কেন ?

২। **"তিনি ছেলেদের মারতেন বটে, কিন্তু ভালোও বাসতেন।"-**
কার লেখা কোন গল্পের অংশ ? কার কথা বলা হয়েছে ? তার চেহারার বর্ণনা দাও। তিনি যে ছেলেদের ভালোবাসতেন তা কি থেকে মনে হয় ?

৩। **"তার সাবেক চাল আর সহ্য করতে পারছেনা লোকে।"-**
কার সাবেক চাল ? কি রকম সাবেক চাল ? কারা এবং কেন তা সহ্য করতে পারছেনা ?

৪। **"নিজের চোখকে বিশ্বাস করতে পারছিলেন না তিনি যেন।"**
কার কথা এখানে বলা হয়েছে ? কি দেখে এবং কেন তার এই অবস্থা হয় ? তারপর তিনি কি সিদ্ধান্ত নেন ?

৫। **"নূতন যুগের নূতন চালচলনের সঙ্গে কিছুতেই তিনি মানিয়ে চলতে পারলেন না।"**
কার কথা এখানে বলা হয়েছে ? তার চেহারার বর্ণনা দাও। তিনি কতদূর পথ হেঁটে কটার সময় পাঠশালা পৌঁছতেন ?

৬। **"স্কুলের ছুটি হয়ে যাক। তারপরে বলবক্ষণ।"**
কে কাকে বলেছেন ? তিনি কোন কথা স্কুল ছুটি হলে বলবেন ? কেনই বা স্কুল ছুটির পর সে কথা বলতে চান ?

৭। **"না, এমনি একটু দরকারে এসেছি, কয়েকটি কথা আছে আপনার সঙ্গে।"**
কে কাকে একথা বলেছে ? সে কেন বক্তার কাছে এসেছিল ? শেষ পর্যন্ত উদ্দীষ্ট্য ব্যক্তি কি করেছিলেন ?

৮। **"গতিক মন্দ বুঝে দারোগাবাবু সরে পড়লেন।"**
কার লেখা কোন গল্পের অংশ ? গতিক মন্দ বলতে কি বোঝানো হয়েছে ? দারোগা বাবু সরে পড়লেন কেন ?

# WRITING

## (অনুচ্ছেদ লিখন)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | দূরদর্শনের সুফল ও কুফল | ২। | বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ | ৩। | বন ও বন্য প্রাণী সংরক্ষণ |
| ৪। | বইমেলা | ৫। | একটি ভ্রমণের অভিজ্ঞতা | ৬। | একটি ঝড়ের রাত |
| ৭। | সমাজ জীবনে সংবাদ পত্র | ৮। | তোমার জীবনের লক্ষ্য | ৯। | তোমার প্রিয় সাহিত্যিক |
| ১০। | একটি ঝড়ের রাতের অভিজ্ঞতা | ১১। | একটি পিকনিকের অভিজ্ঞতা | ১২। | তোমার জীবনের আদর্শ মানুষ |

## পত্র লিখন (ব্যক্তিগত পত্র)

১। গ্রামের দুর্গাপুজো ও শহরের দুর্গাপুজো পার্থক্য করে বন্ধুকে একটি পত্র লেখ।

২। সংবাদ পত্র পাঠের প্রয়োজনীয়তার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

৩। খেলাধূলার উপযোগীতা জানিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখ।

৪। একটি ভিড় বাসের অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

৫। স্কুল থেকে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হচ্ছে, বাবার কাছে অনুমতি চেয়ে একখানি পত্র লেখ।

৬। তোমাদের শহরে একটি পুষ্প প্রদর্শনীর আয়োজন করা হয়েছে, সেখানে তুমি অংশগ্রহণ করতে চাও। কীভাবে আগাম প্রস্তুতি নিতে হবে তা জানতে চেয়ে দাদুর কাছে একটি পত্র লেখ।

৭। বর্তমানে অটোর দৌরাত্ম যেভাবে বেড়েছে তা নিয়ে তোমার একটি তিক্ত অভিজ্ঞতার কথা জানিয়ে কাকুকে চিঠি লেখ।

৮। তুমি আন্তঃবিদ্যালয় (Inter School) বিতর্ক প্রতিযোগীতায় প্রথম হয়েছ। তোমার এই নতুন উপলব্ধির কথা জানিয়ে প্রিয় বন্ধুকে পত্র লেখ।

৯। তোমার বন্ধু ব্যাডমিনটন প্রতিযোগীতায় প্রথম হয়েছে। তাকে অভিনন্দন জানিয়ে একটি পত্র লেখ।

১০। তোমার দেখা একটি মেলার অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বিদেশে থাকা পত্রমিতাকে একটি পত্র লেখ।

১১। আসন্ন পরীক্ষার প্রস্তুতি জানিয়ে বাবাকে পত্র লেখ।

১২। ঠান্ডা পানীয় এবং চটজলদি খাবার খাওয়া নিষেধ করে হস্টেলে থাকা ভাইকে একটি পত্র লেখ।

১৩। তোমার স্কুলে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছিল, সেই অনুষ্ঠানে প্রথম থেকেই তোমার সক্রিয় ভূমিকা ছিল। অনুষ্ঠানটির পূর্ণাঙ্গ বিবরণ দিয়ে কোন বন্ধুকে একটি চিঠি লেখ।

১৪। কোনো পর্যটন সংস্থার সঙ্গে ভ্রমণে গিয়ে একটি প্রাচীন রাজপ্রাসাদের ভগ্নাবশেষের সামনে দাঁড়িয়ে তোমার এক বিচিত্র অভিজ্ঞতা হয়েছিল। সেই অভিজ্ঞতার বর্ণনা দিয়ে তোমার কোন প্রিয় বন্ধুর উদ্দেশ্যে একটি পত্র লেখ।

১৫। জীবনে তুমি কিভাবে প্রতিষ্ঠিত হতে চাও সে বিষয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

১৬। আজকের রুদ্ধশ্বাস প্রতিযোগিতার তীব্র দৌড়ের মাঝখানে আজকের ছাত্র সমাজ দিশেহারা হয়ে পড়েছে। তাদের অবস্থার বর্ণনা দিয়ে এই সমস্যা সমাধানের কিছু ইঙ্গিত পত্রের মাধ্যমে বন্ধুকে লেখ।

১৭। ভারতের প্রথম বই মল (Book Mall) গড়ে উঠেছে কলকাতার কলেজ স্ট্রীট অঞ্চলে। এ সম্পর্কে যাবতীয় তথ্য দিয়ে বন্ধুকে পত্র লেখ।

১৮। তোমার একটি বিশেষ সখ আছে। কেন তোমার এমন সখ সে বিষয় জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

১৯। তোমার গ্রামের কোন বন্ধু বিভিন্ন ধরণের বই পড়লেও সংবাদ পত্র পড়তে চায় না। সংবাদ পত্র পাঠের প্রয়োজনীয়তা উল্লেখ করে তোমার সেই বন্ধুকে একটি পত্র লেখ।

২০। ছোটো বোনকে বই পড়ার অভ্যাস সম্বন্ধে দিদির পত্র।

# GRAMMAR

## বাক্য পরিবর্তন

**নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন-**

১। খিদের জ্বালায় গৌরবি মাঝে মাঝে মেটে আলু সেদ্ধ করে খেয়েছে। (অস্ত্যর্থক > প্রশ্নবাচক)

২। বিনা বন্দুকেই বা যাচ্ছ কোথায় ? (প্রশ্নবাচক > নেতিবাচক)

৩। কি অদ্ভুত ধরনের ভীষণ সুন্দর দৃশ্য! (বিস্ময়সূচক > অস্ত্যর্থক)

৪। পালাও, পালাও, শংকর তাঁবু ওঠাও শিগগির। (অনুজ্ঞাসূচক > অস্ত্যর্থক)

৫। এদিকে পৃথিবী এমন কাঁপছে যে দাঁড়িয়ে থাকা যায় না। (নঞর্থক > অস্ত্যর্থক)

৬। ব্যস্ত হব না ? (প্রশ্নবাচক > অস্ত্যর্থক)
৭। সমুদ্র দেখিব বড়ো সাধ ছিল, সেই জন্যেই আসিয়াছি। (অস্ত্যর্থক > নঞর্থক)
৮। দেখিলেন সূর্য প্রকাশ হইয়াছে। অস্ত্যর্থক থেকে নঞর্থক বাক্যে পরিবর্তিত রূপটি হবে-
৯। আহা! কি দেখিলাম! জন্ম জন্মান্তরেও ভুলিব না। অস্ত্যর্থক বাক্যের সঠিক রূপটি কি ?
১০। নিবারণ তো ভালো কথা বলেছে। প্রশ্নসূচক বাক্যে কি হবে ?
১১। দুজনে ধুন্ধুমার ঝগড়া লেগে গেল। বিস্ময়সূচক বাক্যে পরিবর্তিত করলে হবে -
১২। এইসব সময়ে বড় কষ্ট হয় গৌরবির। অস্ত্যর্থক থেকে নঞর্থক বাক্যে পরিবর্তিত রূপটি হবে-
১৩। তোমাকে অনেকবার সতর্ক করে দিয়েছি। অনুজ্ঞাসূচক **বাক্যে** কি হবে ?

**নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর -**

১। ওর ভিতর দিয়ে নাই বা গেলে। (অনুজ্ঞাবাচক)
২। কুবের কিছু বলে না। (ইতিবাচক)
৩। ইহার অন্ত নাই। (ইতিবাচক)
৪। অল্প কথায় বলুন। (নির্দেশক)
৫। সে আর নেই। (প্রশ্নবাচক)
৬। এতো শুধু খেলা নয়। (প্রশ্নবাচক)
৭। সুখি হও। (নির্দেশক)
৮। একটা কথাও কহিল না। (প্রশ্নবাচক)
৯। সে ভয়ে আর কথা কহিল না। (ইতিবাচক)
১০। বাবু শব্দ নানার্থ হইবে। (নেতিবাচক)
১১। রামের পিতৃভক্তি অতুলনীয়। (প্রশ্নবাচক / নঞর্থক)
১২। পরের জন্যে আত্মত্যাগেই সুখ (নঞর্থক)
১৩। তপন বোধহয় কাল আসবে। (প্রশ্নবোধক / নির্দেশক)
১৪। লোকটি রাতে ভালো দেখতে পায় না। (হ্যাঁ বাচক)
১৫। একথা সকলেই জানে। (বিস্ময়বোধক / প্রশ্নবোধক)
১৬। সে সারাদিন উপোস করে রইল। (নেতিবাচক)
১৭। অলসতায় সময় নষ্ট করবে না। (হ্যাঁ বাচক)
১৮। কি দারুণ লেখা লিখেছ! (নির্দেশক)
১৯। তোমাকে খেতে বলছি। (অনুজ্ঞাবাচক)
২০। তোমার মঙ্গল কামনা করি। (অনুজ্ঞাবাচক)
২১। সে বেঁচে নেই। (প্রশ্নবাচক)
২২। সে কি চোর ? (নির্দেশক)
২৩। আজ খুব শীত। (আবেগবাচক)
২৪। বড্ড তেতো। (আবেগবাচক)
২৫। বড় বিপদে পড়েছি। (আবেগবাচক)
২৬। সে ভয়ানক স্রোত। (আবেগবাচক)
২৭। ভারী মজা হবে। (আবেগবাচক)
২৮। আর কি পাইব তারে ? (নির্দেশক)
২৯। কি আনন্দের খবর! (নির্দেশক / প্রশ্নবাচক)
৩০। তুমি কি আমার মাথা কাটবে ? (ইতিবাচক)
৩১। ব্যস আর কিছু না। (ইতিবাচক)
৩২। একজনও রাজপুত বেঁচে রইল না। (ইতিবাচক)
৩৩। মহারাণা রাজসিংহকে কে না চেনে ?. (নির্দেশক)
৩৪। সে ইতিহাস গোপন থাকাই ভালো। (নঞর্থক)
৩৫। দুর্ঘটনা বড় একটা ঘটে না। (সদর্থক)
৩৬। তোমার নাম কি ? (অনুজ্ঞা)

## সাধু ও চলিত

**নির্দেশমত সাধু ও চলিত ভাষায় রূপান্তরিত কর।**

**চলিত ভাষা থেকে সাধু ভাষায় রূপান্তরিত কর।**

১। কিন্তু সর্দারের তখন আর লড়বার ইচ্ছে নেই।
২। পুঁটুলিটি মাথায় দিয়ে যোগেন পন্ডিত জোড়া দেওয়া বেঞ্চের উপর শুয়ে পড়ে।
৩। জমিদারের লোকের সঙ্গে যুঝছে ভেবে সে পরমানন্দে লাঠি চালাচ্ছিল।
৪। শুনে ছেলের আবদার আরও বেড়ে উঠল।
৫। মন্ত্রী কিছুই বুঝতে পারল না।
৬। ওর দুর্গন্ধে সভা ভরে গেছে টের পাচ্ছেন না ?
৭। বেদির উপর থেকে একজন আস্তে আস্তে বললেন, হিয়ার হিয়ার।
৮। আর দেরী করলে নিদারুণ ভুল করা হবে।
৯। কোনও সন্দেহ নেই, এখানে আর পসার জমতে পারবে না।
১০। রূপোর কান্না শুনে তিনি ছুটে এসে বাবাকে যথেষ্ট বকলেন।
১১। একদিন আমি তামাশা দেখিবার জন্য একটি খড়ের সাপ লইয়া তাহাকে ভয় দেখাইতে গেলাম।
১২। ইন্দ্র দেখিলেন যে এমন লোক একটিও সংসারে নাই।
১৩। সাপের বাচ্ছা ঠকিয়া গিয়া বড়ই চটিল।
১৪। সাবিত্রি বলিলেন আমার কোনও কষ্ট হইবে না।
১৫। আজ তোমার পতি সত্যবাণের আয়ু শেষ হইয়াছে তাই তাহাকে বাঁধিয়া নিতে আসিয়াছি।

**সাধু ভাষা থেকে চলিত ভাষায় রূপান্তরিত কর।**

১। আমাকে একটু চাখিয়া দেখিতে বলিল।
২। মশার হাত হইতে অর্থাৎ শুঁড় হইতে পরিত্রাণ পাইয়া আমি আবাদের চারিদিকে পুণরায় ভেড়ি বাঁধাইলাম।
৩। পিসিমা উপর হইতে রাগ করিয়া বলিলেন, রেখে দাও।
৪। সে প্রতি বৎসর এই সময়টায় একবার করিয়া রোজগার করিতে আসে।
৫। নৌকায় বসিয়া আমি ভাবিতে লাগিলাম।
৬। রঙলাল রাগিয়া আগুন হইয়া উঠিল।
৭। রঙলালের কাছে আসিয়া তাহার মুখের দিকে চাহিয়া দাঁড়ায়।
৮। গাড়ির বাহির খন্ড স্টেশন ছাড়াইয়া আসিয়াছে।
৯। মহারাজের সভায় থাকিলে আমি হাসিতে ভুলিয়া যাইব।
১০। আমি ইহাতে সম্মত আছি।
১১। একদিন আমি তামাশা দেখিবার জন্য একটি খড়ের সাপ লইয়া তাহাকে ভয় দেখাইতে গেলাম।
১২। ইন্দ্র দেখিলেন যে এমন লোক একটিও সংসারে নাই।
১৩। সাপের বাচ্চা ঠকিয়া গিয়া বড়ই চটিল।
১৪। সাবিত্রি বলিলেন আমার কোনও কষ্ট হইবে না।
১৫। আজ তোমার পতি সত্যবাণের আয়ু শেষ হইয়াছে তাই তাহাকে বাঁধিয়া নিতে আসিয়াছি।

## সন্ধি বিচ্ছেদ

### স্বরসন্ধি

**সন্ধি সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তর দাও -**

| | | | | |
|---|---|---|---|---|
| শুভ + অশুভ, | মহা + ঈশ্বর , | গুরু + উপদেশ, | স + উল্লাস, | অধি + অয়ণ |
| যথা + উচিত, | পদ + উন্নতি, | ভো + অন, | মনু + অন্তর, | পৌ + অক, |
| সু + উক্ত | যথা + ইষ্ট, | প্রাণ + অধিক, | প্র + আপ্তি, | বিবেক + আনন্দ |
| অপ + ঈক্ষা | অতি + অন্ত | সে + অন | পশু + আচার | বি + অবহার |
| বি + অর্থ | বি + অবধান | সু + আগত | অনু + ইত | গৈ + ইকা |
| পৌ + অক | প্রতি + উক্তি | অতি + অধিক | স + অক্ষর | স্ব + অক্ষর |

**সন্ধিবিচ্ছেদ কর -**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| শয়ন, | যদ্যপি, | অত্যাচার, | সতীশ, | স্বেচ্ছা, | রথীন্দ্র, | ক্ষুধার্ত, | পিত্রাদেশ, | অভীষ্ট, |
| নাবিক, | ভাবুক, | গবেষণা, | নয়ন, | নায়ক, | ভবন, | প্রত্যাশা, | অত্যুচ্চ, | প্রত্যুত্তর, |
| শীতার্ত, | যদ্যপি, | অধ্যয়ন | নরেশ | | | | | |

### ব্যঞ্জনসন্ধি

**সন্ধি যুক্ত কর -**

| | | | | |
|---|---|---|---|---|
| দিক্ + অন্ত | নিচ্ + অন্ত | ষট্ + অন্ত | দিক্ + অঙ্গনা | পশ্চাৎ + আগত |
| পতম্ + গ | সৎ + চরিত্র | উৎ + জ্বল | যাবৎ + জীবন | তদ্ + লিপি |
| ষট্ + মাস | দুহ্ + ত | দহ্ + ত | স্ব + ছন্দ | বৃক্ষ + ছায়া |
| যাচ্ + না | যজ্ + ন | উদ্ + নথি | দন্ + শন | প্রশন্ + সা |
| সম্ + চয় | সম্ + ন্যাসী | বসুম্ + ধরা | উৎ + হৃত | |

**সন্ধি বিচ্ছেদ কর -**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সংকল্প | অহংকার | সংঘাত | সংরক্ষণ | উত্থাপন | ষষ্ঠ | হৃষ্ট |
| বৃষ্টি | তস্কর | একাদশ | আশ্চর্য | আকৃষ্ট | পরস্পর | কিন্তু |
| গন্তব্য | হিংসা | বৃহস্পতি | দ্যুলোক | পুংলিঙ্গ | ষোড়শ | পরিষ্কার |

## SYLLABUS FOR MID-TERM

**সাহিত্য** : **গদ্য :** তোতা কাহিনী, দেবসভায় বেহুলা, অপুর কল্পনা
**পদ্য :** জীবন ভিক্ষা, ভোরাই

**সহায়ক পাঠ** : ঈশ্বরচন্দ্রের নির্ভীকতা, যোগেন পন্ডিত

**ব্যাকরণ** : বাক্য পরিবর্তন (অর্থগত পরিবর্তন), সন্ধি (স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ), সাধু ও চলিত

**নির্মিতি** : অনুচ্ছেদ, পত্রলিখন ও বোধপরীক্ষণ